FEB. 27 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...



*বায়তুল মোকাররম মসজিদের দক্ষিণ গেটে, ইসলামী পুস্তক মেলা* *–যুগান্তর*

# প্রচার-প্রচারণা নেই : জমেনি ইসলামিক ফাউন্ডেশনের বইমেলা

যুগান্তর রিপোর্ট

প্রচার-প্রচারণা নেই। তাই জমেনি ইসলামিক ফাউন্ডেশনের বইমেলা। ক্ষুব্ধ ব্যবসায়ীরা অভিযোগ করে বলেছেন, ফাউন্ডেশন শুধু উদ্বোধন করেই খালাস। আর কোন খোঁজ-খবর নেয় না। কর্তৃপক্ষ বলেছেন বাজেট নেই। তাই প্রচার করা যাচ্ছে না। এদিকে একুশের চেতনাকে সামনে রেখে এ মেলার আয়োজন করা হলেও মূলত মেলায় বিক্রি হচ্ছে ধর্মীয় বই। মেলা ঘুরে দেখা গেছে সব স্টলেই ধর্মীয় বই। ভাষার ওপর তেমন কোন প্রকাশনা নেই।

ফেব্রুয়ারি মাসে বাংলা একাডেমির বইমেলার পাশাপাশি বায়তুল মোকাররমের ইসলামিক ফাউন্ডেশন আয়োজন করেছে দক্ষিণ গেটে মাসব্যাপী বইমেলা। ফেব্রুয়ারিতে নিলেও মূলত মেলা শুরু হয়েছে রমজানে। স্টল মালিকদের আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ মেলার মেয়াদ ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়িয়ে দিয়েছে।

মেলায় স্টল সংখ্যা ৮৫টি। ভাড়া নেয়া হয়েছে প্রথম ধাপে রমজানে সাড়ে ৩ হাজার টাকা এবং ফেব্রুয়ারি মাসের জন্য সাড়ে ৪ হাজার টাকা। বাংলা একাডেমির মে মতো এখানে নতুন লেখকদের বই খুব একটা আসে না। নামিদামি ইসলামী চিন্তাবি দার্শনিকদের বইও বিক্রি হচ্ছে মেলায়। আজিজ বুক হাউসের স্টল মালিক আব আজিজ ক্ষোভের সঙ্গে জানালেন, বেচা-বিক্রি সবসময়ই চলছে টুকটাক। প্রচার নে তাই জমছে না। মেলা কর্তপক্ষের এদিকে কোন নজর নেই।